




বরেন্দ্র গবেষণা জাদুঘর পরিদর্শন করলেন মার্কিন রাষ্ট্রদূত



ছবি: সংগৃহীত

বাংলাদেশে নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত ব্রেন্ট টি. ক্রিস্টেনসেন রোববার (৫ জুলাই) রাজশাহী বিশ্ববিদ্যালয়ের বরেন্দ্র গবেষণা জাদুঘর পরিদর্শন করেছেন। যুক্তরাষ্ট্রের স্বাধীনতার ২৫০ বছর পূর্তি উপলক্ষে পালিত ‘আমেরিকা সপ্তাহ ২০২৬’-এর কর্মসূচির অংশ হিসেবে তিনি এ সফর করেন। জাদুঘর পরিদর্শনের সময় অ্যাথাসেডরস ফান্ড ফর কালচারাল প্রিজারভেশন (এএফসিপি)-এর সহায়তায় সংরক্ষিত বিভিন্ন প্রত্নবস্তু, দুর্লভ পাণ্ডুলিপি ও ঐতিহাসিক সংগ্রহ সম্পর্কে অবহিত হন তিনি। পাশাপাশি দেশের ঐতিহ্য সংরক্ষণে জাদুঘরের ভূমিকারও প্রশংসা করেন। এরপর বরেন্দ্র বিশ্ববিদ্যালয়ে ঐতিহাসিক উচ্চগতির ইন্টারনেট সেবার আনুষ্ঠানিক উদ্বোধন করেন মার্কিন রাষ্ট্রদূত। উদ্বোধনের পর শিক্ষার্থীদের সঙ্গে এক মুক্ত আলোচনায় অংশ নিয়ে প্রযুক্তিনির্ভর শিক্ষা, কৃত্রিম বুদ্ধিমত্তা, রোবটিক্স এবং ভবিষ্যতের কর্মদক্ষতা নিয়ে মতবিনিময় করেন। সফরের শেষ পর্বে আয়োজিত সাংস্কৃতিক অনুষ্ঠানে দুই দেশের সাংস্কৃতিক পরিবেশনার সমন্বয় দেখা যায়। অনুষ্ঠানে যুক্তরাষ্ট্রের ২৫তম ইনফ্যান্ট্রি ডিভিশনের ব্যান্ড সংগীত পরিবেশন করে। একই মঞ্চে রাজশাহীর গস্তীরা শিল্পীরাও স্থানীয় লোকসংস্কৃতির পরিবেশনা তুলে ধরেন।